



শিলখালী উচ্চ বিদ্যালয় SHILKHALI HIGH SCHOOL

স্থাপিত-১৯৬৮ খ্রিস্টাব্দ, EIIN-106238

ডাকঘর- বারবাকিয়া, ইউনিয়ন- শিলখালী, উপজেলা- পেঁয়সা, জেলা- কক্সবাজার।
মোবাইল: ০১৩০৯-১০৬২৩৮, E-mail : shs4674@gmail.com, www.skhighschool.edu.bd

সূত্র : শিউরি /

তারিখ : ১৩/৮/২৩

আসসালামু আলাইকুম

সম্মানিত অভিভাবক,


শিলখালী উচ্চ বিদ্যালয়ের পক্ষ হতে আপনাকে আন্তরিক শুভেচ্ছা ও মোবারকবাদ। আপনার সন্তান আগামী দিনের সম্পদ। আপনার সন্তানকে একজন আলোকিত মানুষ, নৈতিকমূল্যবোধ সম্পন্ন দেশপ্রেমিক সুনাগরিক ও দক্ষ জনসম্পদ হিসাবে গড়ে তোলার লক্ষ্যে আমাদের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

আপনার সন্তানের সুন্দর ভবিষ্যৎ গড়ার লক্ষ্যে আপনার আন্তরিক সহযোগিতা ও সচেতনতা একান্ত প্রয়োজন। আপনার অবহেলা, উদাসিনতা, অসচেতনতা ও অসহযোগিতা আপনার সন্তান নিয়ে আপনার স্বপ্ন বাস্তবায়নে অন্তরায় হতে পারে। আপনার সুচিন্তিত মতামত, পরামর্শ ও প্রস্তাবনা আমরা প্রত্যাশা করছি।

গত ০৯/০৮/২০২৬ তারিখে বিদ্যালয়ের প্রাক-নির্বাচনী পরীক্ষার ফলাফল বিতরণ ও অভিভাবক সমাবেশে আপনার অনুপস্থিতিতে আমরা হতাশ ও মর্মান্বিত হয়েছি।

আগামী ২৮শে অক্টোবর ২০২৬ খ্রি. দশম শ্রেণির নির্বাচনী পরীক্ষা ও ১৯শে নভেম্বর ২০২৬ খ্রি. হতে বার্ষিক পরীক্ষা আরম্ভ হবে। ২০/০৭/২০২৬ খ্রি. হতে পরীক্ষা শুরু হওয়া পর্যন্ত আপনার সন্তান মোট শিখন দিবসের ৮০% বিদ্যালয়ে অনুপস্থিত থাকলে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না। বার্ষিক পরীক্ষায় অংশগ্রহণ করে ফেল করলে পরবর্তী শ্রেণিতে প্রমোশন দেওয়া হবে না। নির্বাচনী পরীক্ষায় ফেল করলে এস.এস.সি পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি প্রদান করা হবে না।

উপরোক্ত সিদ্ধান্ত বাস্তবায়নে আপনার আন্তরিক সহযোগিতা কামনা করছি।

শুভেচ্ছান্তে

(মোহাম্মদ ইব্রাহিম)
প্রধান শিক্ষক
শিলখালী উচ্চ বিদ্যালয়